মন্দিরগুলো কুক্ষিগত করে রেখেছে বিজেপি : কংগ্রেস সভাপতি

জোটসঙ্গীরা চাইলে প্রধানমন্ত্রী হতে তৈরি, রাহুল

নয়াদিল্লি, ৫ অক্টেবর : নরেন্দ্র মোদী সরকার যা কিছু নিয়ে আলোচনা করে তার উপরই তাদের অধিকার কায়েম করে বসে। অন্য কারও সঙ্গে আলোচনার প্রয়োজনও বোধ করে না। বিভিন্ন মন্দিরে রাহুল গান্ধির সফর নিয়ে বিজেপির সমালোচনার জবাব দিতে গিয়ে একটি ইংরেজি দৈনিক আয়োজিত সামিটে রাহুল দর্শকদের কাছে এই মন্তব্য করেন।

সরকারের সঙ্গে তাঁর যে কোনওরকম আলোচনার পথও এই সরকার বন্ধ করে দিয়েছে। প্রসঙ্গত, গুজরাত নির্বাচনের সময় ওই রাজ্যে বিভিন্ন মন্দিরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রায় নিয়মিতই গিয়েছেন। কিন্তু যখনই কংগ্রেস সভাপতি ওই রাজ্যের বিভিন্ন মন্দিরে যাওয়া শুরু করলেন তখনই সমালোচনা শুরু হল। এরপর কর্নাটক বিধানসভা নির্বাচনেও একই ঘটনা দেখা দিয়েছে। বিজেপির এই মনোভাবের তীব্র সমালোচনা করে কংগ্রেস সভাপতি এদিন জানতে চেয়েছেন, মন্দিরগুলির উপর বিজেপি তার একচেটিয়া কর্তৃত্ব প্রতিষ্ঠা করেছে কিনা? এছাড়া কেন তিনি ধর্মীয় স্থানে যেতে পারবেন না, তা নিয়েও প্রশ্ন তুলেছেন রাহুল।

একটি ইংরেজি দৈনিক রাজধানী দিল্লিতে এদিন লিডারশিপ সামিটের আয়োজন করেন। সেখানে দর্শকদের সঙ্গে কথোপকথনের একটি পর্ব ছিল। সেই পর্বেই রাহুল কার্যত বিষ উগড়ে দেন বিজেপির বিরুদ্ধে। রাহুল দাবি করেন, বিজেপি নেতাদের ধারণা, শিক্ষা প্রতিষ্ঠানগুলির উপর একচেটিয়া কর্তৃত্ব তৈরি হয়েছে। তাদের ধারণা যে তারাই একমাত্র দল যারা বুঝতে পারে ভারতীয়দের স্বপ্ন কি? কিন্তু এই নিয়ে বিরোধীদের সঙ্গে কোনওরকম আলোচনা চায় না। রীতিমতো বিস্ময় প্রকাশ করে রাহুল বলেন, তাঁর ধর্মীয় স্থানে যাওয়া নিয়েও ইদানীং বিজেপি শোরগোল শুরু করেছে। অথচ তাঁর মন্দির সফরের মধ্যে হিন্দুত্বের কোনও প্রশ্ন নেই বলে দাবি করে রাহুল বলেন, 'আমি জানি আমি কেন মন্দির, চার্চ অথবা গুরুদ্বারে যাই। বিজেপি কিন্তু মন্দির ছাড়া অন্য কোথাও যাওয়ার কথা ভাবে না। কারণ মন্দিরগুলিকে তারা কুক্ষিগত করে রেখেছে। তাই আমি কোনও মন্দিরে গেলেই বিজেপি নেতারা সমালোচনা শুরু করেন।'

কুৎসিত বিমুদ্রাকরণ এবং জিএসটি-র প্রবর্তন যে ব্যবসায়ীদের মেরুদণ্ডটিই ভেঙে দিয়েছে সেই মন্তব্য করে রাহুল বলেছেন, ব্যবসায়ীদের সঙ্গে আলোচনা না করে কখনও কোনও দেশ সামনের দিকে এগিয়ে যেতে পারে না। তাদের সঙ্গে দেশের আর্থিক উন্নতি নিয়ে আলোচনার প্রয়োজন রয়েছে। আলোচনার সময় রাহুল কাশ্মীর প্রসঙ্গ টেনে এনে বলেন, কেন্দ্রীয় অর্থমন্ত্রী অরুণ জেটলির সঙ্গে কাশ্মীর ইস্যু নিয়ে তিনি বারবার কথা বলার চেষ্টা করেছেন। কিন্তু তাঁর দিক থেকে কখনওই সাড়া পাইনি। অথচ উপত্যকায় সমস্যা কঠিন। কিন্তু জেটলি সবসময়ই বলছেন, না সব ঠিক আছে।

জিএসটি বিল কংগ্রেস পরিচালিত দ্বিতীয় ইউপিএ সরকারের সময় আনা হয়েছিল। কিন্তু তখন তা ছিল অনেক সহজ সরল ও উপযোগী। কিন্তু প্রধানমন্ত্রী মোদী বিরোধীদের কথা না শুনে ২০১৭ সালের জুলাইয়ে যেভাবে নতুন নতুন কর বসাচ্ছে, তাতে যথেষ্ট ক্ষোভ রয়েছে সাধারণ মানুষের। রাহুল আরও দাবি করেছেন, বিজেপির সঙ্গে তাদের মূল তফাৎ হল, মানুষের উপর আস্থা আছে কংগ্রেসের। প্রত্যেক মানুষই যে বিভিন্ন বিষয় জানে তাও বিশ্বাস করে কংগ্রেস। এই সামিটে সবচেয়ে গুরুত্বপূর্ণ কথাটি রাহুল বলেছেন তাঁর প্রধানমন্ত্রী হওয়া নিয়ে। এর আগে একবার তিনি বলেছিলেন মমতা বা মায়াবতী প্রধানমন্ত্রী হলে তাঁর কোনও ক্ষোভ নেই। কিন্তু এদিন তিনি স্পষ্টই জানিয়েছেন, জোটসঙ্গীরা চাইলে প্রধানমন্ত্রী হতে তিনি তৈরি।

প্রসঙ্গত, এর আগে রাহুল মমতা বা মায়াবতী যে কেউ চাইলে প্রধানমন্ত্রী হতে পারেন বলে মন্তব্য করেছিলেন। এর মধ্যে মায়াবতী বৃহস্পতিবারই ঘোষণা করেছেন তিন রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনে জোট করবে না তাঁর দল। ঠিক তার পরদিনই রাহুল ঘোষণা করলেন, প্রধানমন্ত্রী হতে তিনি তৈরি। এই বক্তব্যের মধ্যে কোনও রাজনীতি আছে কি না তা রাহুল বা মায়াবতী বলবেন, তবে রাহুল বলেছেন নেতা হিসেবে তাঁর জন্ম। ডায়ানামিক প্রসেসেই সেই নেতৃত্ব তাঁর হাতে আসতে পারে। তবে নেতা হলে তিনি অনেক বেশি মানুষের কথা শুনবেন। তাঁরা কী চান, বুঝতে চেষ্টা করবেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে এভাবেই তিনি আক্রমণ শানিয়েছেন এদিন। রাহুলের বক্তব্য নিয়ে কোনও মন্তব্য শোনা যায়নি বিজেপি নেতাদের মুখে।

উত্তরপ্রদেশে অ্যাপেল কর্মীর হত্যায় সহকর্মীকে গ্রেফতারের বিরুদ্ধে পুলিশের বিক্ষোভ

লখনউ, ৫ অক্টেবর : উত্তর প্রদেশে খাকি পোশাক পরেই সহকর্মীকে গ্রেফতারের বিরুদ্ধে প্রতিবাদ জানালেন পুলিশ কর্মীরা। অ্যাপেলের এক্সিকিউটিভকে হত্যার ঘটনায় তাদের সহকর্মীকে গ্রেফতারের প্রতিবাদে এই বিক্ষোভ দেখানো হয়। উত্তর প্রদেশ পুলিশের কনস্টেবল প্রশান্ত চৌধুরি গত সপ্তাহে লখনউতে রাত পাহারার সময় অ্যাপেলের এক্সিকিউটিভ বিবেক তিওয়ারিকে গুলি করে হত্যা করে বলে অভিযোগ। পুলিশের দাবি, তিওয়ারি তাঁর গাড়ি নিয়ে যাওয়ার সময় পুলিশ বারবার বলা সত্ত্বেও গাড়ি থামাননি। অন্যদিকে তিওয়ারির সহযাত্রী অ্যাপেলের আর এক এক্সিকিউটিভ শানা খান এই ঘটনার প্রত্যক্ষদর্শী হিসেবে দাবি করেছেন, কোনওরকম হুঁশিয়ারি না দিয়েই পুলিশ কনস্টেবল প্রশান্ত চৌধুরি গুলি চালান। উত্তর প্রদেশ পুলিশ এই ঘটনার পর থেকেই কার্যত বারুদের উপর বসে আছে।

CD-I/18-19/32

F.No. 37-DB/TN/CDI/PB/18-19/1715 dt. 03.10.2018

e- TENDER NOTICE

The Executive Engineer, Construction Division No.I, A.P.W.D., Port Blair on behalf of the President of India, invites separate sealed item rate tenders [in form C.P.W.D – 8] from the approved and eligible experienced contractors of appropriate class of A.P.W.D., for following works:-

1. **NIT No. :- 39**/NIT/DB/CD-I/PB/18-19, **Name of work:** Repair of 06 Nos toilet block and providing and fixing 09 Nos swiss cottage tents at Radha Nagar Beach at Havelock for Tourism Department under CD-I,A.P.W.D., Port Blair **Estimated Cost : `. 16,47,701/- Earnest Money : `. 32,954/-&Time of completion** :-06 [Six] Months **[Tender ID No. APWD1051]**
2. **NIT No. :- 40**/NIT/DB/CD-I/PB/18-19, **Name of work:** Construction of 03 Nos toilet block including manual chamber septic tank and sewer line at Radha Nagar Beach at Havelock, CD-I,A.P.W.D., Port Blair under Tourism Department **Estimated Cost : `. 23,48,269/- Earnest Money : `. 46,965/-&Time of completion** :-06 [Six] Months **[Tender ID No. APWD1053]**
3. **NIT No. :- 42**/NIT/DB/CD-I/PB/18-19, **Name of work:** Widening of road from Neil Kendra to Laxmanpur Beach [Sunset Point] for a length of 2.6 km under CD-I, A.P.W.D., Port Blair in lieu Improvement and widening of existing rural road from Bazar to Laxmipur for a length of 3 km at Neil Island under CD-I, A.P.W.D., Port Blair [ii] Construction of road side drain at Neil wherever necessary under CD-I,A.PW.D., Port Blair [iii] Extension of State Highway-6 from Sitapur to sea beach i/c vehicle parking at sitapur beach under CD-I, APWD, Port Blair [iv] Construction of culverts as approaches towards individual houses along the SH-06 at Neil Island wherever necessary under CD-I, A.PW.D.. Port Blair **Estimated Cost : `. 1,76,98,822/- Earnest Money : `. 3,53,976/-&Time of completion :- 12** [Twelve] Months **[Tender ID No. APWD1054]**

Tender should be filled on line upto 3.00 PM on or before 22.10.2018. The tender will be opened on the same day at 03.30 PM in presence of tenderers representative if any.

The tender forms and other details can be obtained from the website https://eproc.andaman.gov.in

Executive Engineer
Construction Division-I
A.P.W.D., Port Blair

3326/18

QUOTATION NOTICE

The Executive Engineer, Construction Division No-II, APWD, Prothrapur on behalf of the President of India invites separate sealed separate item rate quotations from Government recognized agencies for under mentioned work.

SL. No.	Name of work	Unit	Rate
1	Conducting social impact assessment study for the proposed Bridge between Chatham and Bamboofiat. The rate shall be included all cost (a) land acquisition survey (b) census survey (c) Socioeconomic survey (d) Public hearing (e) Submission of final report i/c any other work essential, transportation of persons to work site, boarding and lodging etc. and giving presentation to the administration or the Ministry if required and assistance to file the request in form-I land acquisition.	One Job	

Unique No.53013

The quotation documents of Government recognization along with Earnest Money of Rs.5000.00 in the form of receipt Treasury Challan/ Deposit at Call receipt of the scheduled bank/ fixed deposit receipt of a schedule bank/ any branches of A&N Sate Co-operative bank/demand draft, issued in favour of the Executive Engineer, Construction Division No-II, APWD, Prothrapur should be submitted in seal cover will be received up to **3.00 PM** on **15/10/2018** and will opened at **3.30 PM** on the same day in the presence of those quotationer/ their authorized agents who may wish to attend.

The Executive Engineer, CD-II, APWD, Prothrapur reserves the right to accept or reject any or all the quotations without assigning any reason thereof.

TERMS AND CONDITIONS

1. Rate quoted shall be inclusive of all charges including taxes and transportation etc.
2. The rates of items shall be quoted in figure and in words.
3. Road alignment map will be supplied by the this office.
4. **Terms of Payment:** 40% of total payment will be released after land survey, census survey & socioeconomic survey anther 40% will be released after public hearing & rest 20% of payment will be released after submission of final report.
5. Bidder will present the case before the Administration or the ministry whichever is required.
6. The contractor shall have to make necessary arrangement for watch and ward etc. at work site, any loss, damage shall be responsibility of the contractor.
7. The work should be completed within stipulated period of 03 (Three) months of issue of order.
8. Income tax, GST and other statutory charger shall be deducted as per rules in force.
9. All the required materials, scientific instruments, labour, tools and plants required for the work should be arranged by contractor at their own costs. Nothing will be supplied by the department.
10. The report shall also include a chapter on disaster risk reduction & climate change adoption and on Vulnerability assessment also.
11. The rate shall include all cost including transportation of persons to work site, food and accommodation etc. lab study, preparation of reports, submission of draft and final socio impact study reports, and giving presentation to the Ministry and obtaining clearance from the Ministry if required.
12. In case any dispute, the decision of the Executive Engineer, Construction Division No-II, APWD, Prothrapur shall be final and binding.

This notice may also be seen be at websites www.and.nic.in.

Executive Engineer
Construction Division No.II
APWD, Prothrapur.

3317/18

দিল্লি হাইকোর্টের রায়ে মুক্তি টিভির প্রাক্তন সঞ্চালক সোয়েব ইয়াসির

নয়াদিল্লি, ৫ অক্টেবর : দূরদর্শনের প্রাক্তন সঞ্চালক ও প্রযোজক সোয়েব ইয়াসির বেকসুর খালাস পেলেন দিল্লি হাইকোর্টের রায়ে। বিচারপতি এস মুরলীধর ও বিচারপতি বিনোদ গোয়েলকে নিয়ে তৈরি বেঞ্চ স্ত্রীকে হত্যার অভিযোগে এর আগের রায়কে চ্যালেঞ্জ করে যে মামলা করেছিলেন তা গ্রহণ করে। প্রসঙ্গত, ওই মামলায় তাঁর যাবজ্জীবন কারাদণ্ড হয়। গত বছর ২০ ডিসেম্বর ট্রায়াল কোর্ট এই রায় দেয়। রায়কে চ্যালেঞ্জ জানিয়ে চলতি বছরের মার্চ মাসে ইয়াসি দিল্লি হাইকোর্টে আবেদন করেন। এরপরই তাঁকে বেকসুর খালাস করে দেওয়া হল। জনপ্রিয় টিভি শো 'ইন্ডিয়াজ মোস্ট ওয়ান্টেড' একইসঙ্গে ইয়াসিকে খ্যাতি এবং জনপ্রিয়তা এনে দেয়। কিন্তু ২০০০ সালে স্ত্রী অঞ্জু ইয়াসিকে ছুরি মেরে হত্যার অভিযোগে দিল্লির করকরদুমা আদালত তাঁকে দোষী সাব্যস্ত করে। ট্রায়াল কোর্টে এই হত্যাকাণ্ডের বিচারের সময় যদিও ইয়াসি স্ত্রীর মৃত্যুকে আত্মহত্যা বলে চালানোর চেষ্টা করেছিলেন। প্রসঙ্গত, ২০০০ সালের ১১ জানুয়ারি সোয়েবের পূর্ব দিল্লির বাড়ি থেকে ছুরিকাঘাতে গুরুতর জখম অঞ্জুকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। ওই বছরেরই ২৮ মার্চ স্ত্রীকে ছুরিকাঘাতের অভিযোগে গ্রেফতার হন ইয়াসি। আদালতে তাঁর শ্যালিকা ও শাশুড়ি অভিযোগ করেন, পণের জন্য নিয়মিত অঞ্জুর ওপর দারুণ অত্যাচার করা হত। সেই অভিযোগের ভিত্তিতেই মামলাটি চলে। ট্রায়াল কোর্টে সোয়েবকে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়। চাকরি থেকেও বরখাস্ত হন তিনি। কিন্তু নিম্ন আদালতের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে উচ্চতর আদালতে আবেদন করেন শোয়েব। প্রায় ৮ বছর পর সেই মামলার রায় বেরল। তবে সবদিক খতিয়ে দেখে দিল্লির হাইকোর্ট বেকসুর খালাস করার রায় দিয়েছে সোয়েব ইয়াসিকে। রায় শোনার পর সোয়েব বলেছেন, তিনি জানতেন ন্যায়বিচার পাবেন। অন্যদিকে স্ত্রীর পরিবার সুপ্রিম কোর্টে যাওয়ার জন্য মনস্থ করেছে বলে তাঁদের আইনজীবী জানিয়েছেন।

দক্ষিণের ৪ রাজ্যে নিম্নচাপের ভ্রূকুটি, ফের প্রবল বৃষ্টির সম্ভাবনা



তিরুবনন্তপুরম/চেন্নাই, ৫ অক্টেবর : খুব বেশিদিনের কথা নয়। এই সেদিন অর্থাৎ আগস্ট মাসেই দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ুর তাণ্ডবে কার্যত ধ্বংস হয়ে যায় কেরল। ফিনিক্স পাখির মতো সেই ধ্বংসস্তূপের মধ্যে থেকে ফের তারা জেগে উঠছে যখন, তখনই আবহাওয়া দফতর শোনাল আরব সাগরে তৈরি হচ্ছে নিম্নচাপ। এই নিম্নচাপের জেরে কেরল, তামিলনাড়ু, পুদুচেরি এবং কর্নাটক অর্থাৎ দক্ষিণের চার রাজ্যে প্রবল বৃষ্টি হতে পারে। পশ্চিমবঙ্গের মতো রাজ্য পুজোর ঠিক আগেই হালকা বৃষ্টির সম্ভাবনার কথাও শুনিয়েছে আবহাওয়া দফতর। ফলে উদ্বিগ্ন পুজো কমিটিগুলি, সাধারণ মানুষ এবং ব্যবসায়ীরা।

সিঁদুরে মেঘ দেখলে যেমন ঘরপোড়া গরু ভয় পায়, সেরকমই দক্ষিণ-পূর্ব আরব সাগরে ফের নিম্নচাপের ভ্রূকুটির কথা জেনে আতঙ্কিত হয়ে পড়েছে দক্ষিণের চার রাজ্যের মানুষ। কারণ আবহাওয়া দফতর জানিয়েছে, ৭ অক্টোবর থেকেই এই চার রাজ্যের একাধিক জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। কর্নাটক সরকার আইএডি-র পূর্বাভাস জানার পরই উপকূলবর্তী ১২টি জেলাকে সতর্ক করে দিয়েছে। দক্ষিণের এই রাজ্যটির উপকূলবর্তী জেলাগুলোতে লাল সতর্কতা জারি করা হয়েছে। কারণ আইএমডি-র বুলেটিনে দাবি করা হয়েছে, আরব সাগরে তৈরি হওয়া নিম্নচাপের ফলে কেরলে সহ তিন রাজ্যে সাইক্লোন বয়ে যেতে পারে এবং ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। দক্ষিণ-পূর্ব আরব সাগর এবং সংলগ্ন লাক্ষা দ্বীপ এবং মালদ্বীপেও বৃহস্পতিবার সকাল থেকেই নিম্নচাপের প্রভাবে শুরু হতে পারে বৃষ্টি ও ঘূর্ণিঝড়। কর্নাটকের বাঁধগুলির জলস্তরের দিকেও লক্ষ্য রাখা হচ্ছে। ত্রিশূর ও পালাক্কাদ জেলায় সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে খুলে দেওয়া হয়েছে বাঁধের শাটার, যাতে অতিরিক্ত জল সেখানে আটকে থেকে বাঁধের বিপদ না ঘটায়। শনিবার থেকেই আরব সাগর উত্তাল হয়ে ওঠার কথা। মৎস্যজীবীদের গভীর সমুদ্রে না যাওয়ার হুঁশিয়ারিও দেওয়া হয়েছে।

দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ুর প্রভাবে এ বছরের আগস্ট মাসেই কেরলের ১৪টি জেলায় ভয়াবহ বন্যা হয়। ১০০ বছরে পরিস্থিতি কখনও এতটা খারাপ হয়নি। এই বন্যায় ৪৯৩ জনের মৃত্যু হয়। ধুয়েমুছে সাফ হয়ে যায় একাধিক জেলা। কিন্তু কেরলের বন্যাপ্লাবিত গ্রাম-শহরগুলিকে যখন নতুন করে গড়ে তোলার কাজ শুরু হয়েছে, ঠিক তখনই নিম্নচাপের ভ্রূকুটি আতঙ্কিত করছে মানুষকে। এদিকে তামিলনাড়ুর চেন্নাইতে আবহাওয়া দফতরের সহকারী অধিকর্তা এস বালাচন্দ্রন সাংবাদিকদের জানিয়েছেন, তামিলনাড়ু ও পুদুচেরিতে আগামী তিনদিন প্রচুর বৃষ্টি হবে। কোনও কোনও জায়গায় ভারী বৃষ্টির সম্ভাবনাও রয়েছে। চেন্নাইয়ের বহু এলাকা এবং প্রতিবেশী কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরিতে গত সপ্তাহে ভারী বৃষ্টি হয়েছে।

নিম্নচাপের পূর্বাভাস জানার পরে বৃহস্পতিবার পর্যন্ত সেখানকার অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখার কথা ঘোষণা করা হয়েছে। শহরের বাইরে বেশকিছু আবাসিক অঞ্চলেও প্রচুর জল জমেছে। জল জমেছে রাস্তাগুলিতেও। ফলে গুরুত্বপূর্ণ বহু জায়গাতেই যানজটও শুরু হয়ে গেছে। বেঙ্গালুরু থেকে সংবাদদাতা জানিয়েছেন, রাজ্য সরকার উদুপি, দক্ষিণ কন্নড়, শিবমোগরা, চিকমাগালু, কোডাগু, হাসান, চিত্রদুর্গা, দাবাংগিরি, বল্লারি, মাইসুরু, বেলাগাভি ও চমরাজনগর জেলায় সতর্কতামূলক ব্যবস্থা নেওয়ার কথাও ঘোষণা করেছে। প্রসঙ্গত, চলতি বর্ষায় দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ুর প্রভাবে এই রাজ্যে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছিল।

হরিয়ানায় ফের মহিলার ওপর অ্যাসিড হামলা

চণ্ডীগড়, ৫ অক্টেবর : হরিয়ানা সরকার যতই ব্যবস্থা নিক, সেখানে মেয়েদের ওপর আক্রমণের সংখ্যা দিন দিন বাড়ছে। বৃহস্পতিবারই আম্বালায় এক মহিলার উপর অ্যাসিড হামলায় গুরুতর জখম হয়েছেন তিনি। ওই মহিলাকে (৩০) দ্রুত হাসপাতালে নিয়ে যাওয়া হয়, কিন্তু সেখানে তার অবস্থার অবনতি ঘটতে থাকায় চণ্ডীগড়ের পিজিআই হাসপাতালে নিয়ে যাওয়া হয়। অ্যাসিড হামলায় তাঁর শরীরের ৬০ শতাংশই পুড়ে গিয়েছে বলে জানা গেছে। হাসপাতাল কর্তৃপক্ষের মতে, ওই মহিলার ডান চোখ, মুখ, তলপেট এবং দু'টি পা-ই রীতিমতো ক্ষতিগ্রস্ত হয়েছে। তিনি বিবাহিত এবং শ্রম দফতরের কর্মী ছিলেন। ইতিমধ্যেই এই ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। তবে পুরো ঘটনাটি সিসিটিভি ক্যামেরায় ধরা থাকায় অপরাধীরা তাড়াতাড়ি ধরা পড়বে বলে ধারণা পুলিশের। কীভাবে এই ঘটনা ঘটল? পুলিশ সূত্রে জানা গেছে, ওই মহিলা যখন কাজে যাচ্ছিলেন সে সময় মুখোশ পরিহিত দুই দুষ্কৃতী বাইকে চেপে এসে তাঁর মুখে অ্যাসিড ছুড়ে পালায়। পুলিশ এখন সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখছে। শুরু হয়েছে তদন্ত। দ্রুত তদন্তের জন্য গঠন করা হতে পারে সিটও। মুখ্যমন্ত্রী মনোহরলাল খাট্টার অ্যাসিড ছোড়ার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন।

বারাণসীতে জরুরি অবতরণ স্পাইস জেটের বিমানের, যাত্রীর মৃত্যু

নয়াদিল্লি/বারাণসী, ৫ অক্টেবর : বিমানের মধ্যে এক থাই যাত্রী অসুস্থ হয়ে পড়ায় ব্যাংকক থেকে দিল্লিগামী স্পাইস জেটের বিমান শুক্রবার বারাণসীতে জরুরি অবতরণে বাধ্য হয়। বারাণসীতে অবতরণের পরই এই যাত্রীকে দ্রুত হাসপাতালে নিয়ে যাওয়া হয়। যদিও সেখানে তাঁকে মৃত বলে ঘোষণা করা হয়। বিমান সংস্থার এক মুখপাত্র জানিয়েছেন, সকাল ৭টা ৪০ মিনিট নাগাদ বিমানটি ব্যাংকক থেকে আকাশে ওড়ে। ওই বিমানে ১৮৯ জন যাত্রী ছিল। এর মধ্যে পর্যটক হিসেবে ভারতে আসছিলেন ২২ সদস্যের একটি দল। ওই দলেরই এক সদস্য হঠাৎই অসুস্থ হয়ে পড়েন। ৫৩ বছর বয়সি আটাবট থাঙ্কুসর্ণ অসুস্থ হয়ে পড়লে বিমানটি মুখ ঘুরিয়ে বারাণসীর লালবাহাদুর শাস্ত্রী আন্তর্জাতিক বিমানবন্দরে নামতে বাধ্য হয়। আটাবট হৃদরোগে আক্রান্ত হন। বিমানবন্দর কর্তৃপক্ষকে ওই বিমানের চালকরা আগেই বিষয়টি জানিয়ে রেখেছিলেন। ফলে বিমানটি জরুরি অবতরণের সঙ্গে সঙ্গে মজুত রাখা অ্যাম্বুল্যান্সে তাঁকে দ্রুত নিয়ে যাওয়া হয় কাছেরই একটি হাসপাতালে। চিকিৎসকরা তাঁকে সেখানে মৃত বলে ঘোষণা করেন। বারাণসীর লালবাহাদুর শাস্ত্রী আন্তর্জাতিক বিমানবন্দরের অধিকর্তা অনিল কুমার রায় জানিয়েছেন, মৃত যাত্রীর সঙ্গে তাঁর স্ত্রী, বোন এবং পরিবারের আরও সাত সদস্য ছিলেন। সকলকেই বারাণসীতে নামিয়ে দিয়ে বিমানটি দিল্লির দিকে উড়ে যায়। দিল্লির থাই দূতাবাসকেও স্পাইস জেটের তরফে সব ঘটনা জানানো হয়।

বিমানে কেন চিকিৎসক বা মেডিক্যাল পরিষেবা ছিল না তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করায় স্পাইস জেটের তরফে স্পষ্টভাবে তাদের নির্দেশিকার কথা উল্লেখ করা হয়েছে। ওই নির্দেশিকায় স্পষ্টই বলা আছে, স্পাইস জেটের কোনও বিমানে আগাম মেডিক্যাল কেয়ারের ব্যবস্থা করা যাবে না। কেবিন ক্রুদেরই ফার্স্ট এইড এবং বেসিক লাইফ সাপোর্ট ও জরুরি চিকিৎসা পরিষেবার প্রশিক্ষণ দেওয়া হয়। কিন্তু বিমানের মধ্যে জায়গা কম থাকায় সবসময় যাত্রীদের পরিষেবা দেওয়া সম্ভব হয় না বলেও দাবি করেছেন স্পাইস জেট কর্তৃপক্ষ। তাঁরা আরও বলেছেন, মেডিক্যাল কিটস অবশ্য বিমানের মধ্যেই থাকে। কিন্তু কেবিন ক্রু'রা শুধুমাত্র কোনও রেজিস্টার্ড চিকিৎসকের উপস্থিতিতেই তা খুলতে পারেন। এছাড়া কোনওভাবেই বিমানের মধ্যে একজন হৃদরোগীকে চিকিৎসা পরিষেবা দেওয়া সম্ভব হয় না। কারণ তা অত্যন্ত ঝুঁকিপূর্ণ হয়ে যায়। সেই কারণে যাত্রীদের যাত্রার ৪৮ ঘণ্টা আগে তাঁর শরীরের যাবতীয় তথ্য জানিয়ে একটি মেডিক্যাল ইনফর্মেশন ফর্ম পূরণ করার কথাও বলা হয়, কিন্তু যাত্রীরা তা অধিকাংশ ক্ষেত্রেই মানতে চান না বলে অভিযোগ।

ফর্ম এ

জনস্বার্থে ঘোষণা

(দেউলিয়া এবং দেউলিয়া বোর্ড অফ ইন্ডিয়ার রেগুলেশন ৬-এর অধীন
(দেউলিয়া প্রস্তাব কার্যকর রয়েছে বাণিজ্যিক ব্যক্তিদের জন্য) রেগুলেশন ২০১৬ অনুসারে)

সূর্যচক্র পাওয়ার কর্পোরেশন লিমিটেডের পাওনাদারদের দৃষ্টি আকর্ষণের জন্য

সংশ্লিষ্ট বিবরণী

১.	বাণিজ্যিক দেনাদারের নাম	সূর্যচক্র পাওয়ার কর্পোরেশন লিমিটেড
২.	বাণিজ্যিক দেনাদারের সংযুক্তির তারিখ	২৮/০২/১৯৯৫
৩.	বাণিজ্যিক দেনাদার সংযুক্তি/নথিভুক্তকরণ আধিকারিক	রেজিস্ট্রারার অফ কোম্পানিজ-হায়দরাবাদ
৪.	কর্পোরেট আইডেন্টিটি নম্বর/ লিমিটেড লায়াবিলিটি আইডেন্টিফিকেশন নম্বর অফ দি কর্পোরেট ডেবটর	L40103TG 199554
৫.	রেজিস্টার্ড অফিস এবং প্রিন্সিপাল অফিস (যদি কিছু থাকে) তাহলে তার ঠিকানা	রেজিস্টার্ড অফিস : সূর্যচক্র হাউস, প্লট নম্বর-৩০৪-এল-৩ রোড নম্বর : ৭৮ জুভেলি হিলস, হায়দরবাদ, তেলেঙ্গানা, ৫০০০৩৩, ভারত
৬.	দেউলিয়া কার্যকরের তারিখ বাণিজ্যিক দেনাদারের প্রেক্ষিতে	অর্ডারের তারিখ ০৩/১০/২০১৮ ইন্টিমেশন টু আইআরপি ডেট ০৩/১০/২০১৮
৭.	দেউলিয়া প্রস্তাব কার্যকরী করার তারিখ	০১/০৪/২০১৯ দেউলিয়া প্রস্তাব কার্যকর করা হয়েছে ১৮০ দিনের জন্য
৮.	দেউলিয়ার রেজিস্ট্রেশন নম্বর ব্যক্তিগত বিষয়ে প্রস্তাব কার্যকরী করার জন্য	শ্রী অনুপ কুমার সিং আইবিবিআই/আইপিএ-০০১/আইপি-পি০০১৫৩/২০১৭-১৮/১০৩২২
৯.	প্রস্তাব কার্যকরী ঠিকানা এবং ই-মেল এর সঙ্গে বোর্ডের রেজিস্টার্ড ঠিকানা	**ঠিকানা : ১৬২/ডি/৭০২/ লেক গার্ডেন্স, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০৪৫** Email: anup_Ssingh@simedhamanagement.com
১০.	প্রস্তাব কার্যকরী ব্যক্তিদের ঠিকানা এবং ই-মেল	**ঠিকানা :** সুমেধা ম্যানেজমেন্ট সলিউশন প্রাইভেট লিমিটেড, ত্রিনিটি টাওয়ার, স্যুইট নং-থ্রি জি, ২২৬/১ এজেসি বোস রোড, কলকাতা-৭০০০২০, পশ্চিমবঙ্গ Email: ip.suryachakra@gmail.com
১১.	দাবিপত্র জমা দেওয়ার শেষ তারিখ	**১৭/১০/২০১৮**
১২.	পাওনাদারদের শ্রেণিবিভাগ (যদি কিছু থাকে) উপধারা(৬এ) এর ধারা ২১ এর ধারা (বি) অনুসারে অভ্যন্তরীণ প্রস্তাব কার্যকরী ব্যক্তিদের জন্য	আইআরপি তথ্য পাওয়ার জন্য কার্যকরী নয়
১৩.	দেউলিয়া কার্যকরী ব্যক্তিদের নাম চিহ্নিতকরণ কর্তৃপক্ষ, পাওনাদারদের শ্রেণিবিভাগ (৩ জনের নাম পৃথক ক্ষেত্রে ব্যবহৃত)	আইআরপি তথ্য পাওয়ার জন্য কার্যকরী নয়
১৪.	(ক) সংশ্লিষ্ট ফর্ম এবং (খ) অনুমোদিত প্রতিনিধিদের বিস্তারিত বিবরণী	**Web Link:** http://www.ibbi.gov.in/downloadform.html ঠিকানা : সুমেধা ম্যানেজমেন্ট সলিউশন প্রাইভেট লিমিটেড, ত্রিনিটি টাওয়ার, স্যুইট নং-থ্রি জি, ২২৬/১ এজেসি বোস রোড, কলকাতা-৭০০০২০, পশ্চিমবঙ্গ

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ন্যাশনাল কোম্পানি ল' ট্রাইব্যুনালের নির্দেশ কার্যকর করা হয়েছে বাণিজ্যিক ভাবে প্রস্তাব কার্যকর করার জন্য **সূর্যচক্র পাওয়ার কর্পোরেশন লিমিটেডের তরফ থেকে ৩ অক্টোবর, ২০১৮ তারিখে।**

সূর্যচক্র পাওয়ার কর্পোরেশন লিমিটেডের পাওনাদারগণের উদ্দেশে জানানো হচ্ছে যে, তারা তাদের দাবির স্বপক্ষে সমস্ত প্রমাণপত্র সহ ১৭/১০/২০১৮ তারিখের মধ্যে প্রস্তাব কার্যকর ব্যক্তিদের ঠিকানায় যোগাযোগ করতে পারেন যা উল্লেখিত হয়েছে উপরের ১০ নং কলাম অনুসারে।

দাবিপত্র জমা দেওয়ার জন্য চ্যাপ্টার-৪ অফ দি দেউলিয়া এবং দেউলিয়া বোর্ড অফ ইন্ডিয়া (দেউলিয়া কার্যকরী প্রস্তাব অনুসারে বাণিজ্যিক দায়িত্বশীল ব্যক্তি) রেগুলেশন ২০১৬ অনুসারে উক্ত দাবির স্বপক্ষে সমস্ত প্রমাণপত্র নির্ধারিত **ফর্ম বি** অনুসারে দাবিপত্র কার্যকর করা হয়েছে পাওনাদের নিকট থেকে, **ফর্মসি**- দাবি আর্থিক পাওনাদারদের ক্ষেত্রে, **ফর্ম সিএ** - দাবি বাণিজ্যিক পাওনাদারদের শ্রেণিবিভাগের ক্ষেত্রে **ফর্ম ডি** কর্মীদের ওয়ার্কম্যানের দাবির জন্য, **ফর্ম ই** দাবিপত্র জমা দিতে হবে অনুমোদিত কর্মী এবং কর্মচারীদের জন্য **ফর্ম এফ** দাবিপত্র পাওনাদারদের জন্য আর্থিক পাওনাদার এবং কার্যকরী পাওনাদারদের জন্য তারিখ উক্ত বর্ণিত ফর্ম পাওয়া যাবে দেউলিয়া এবং দেউলিয়া বোর্ড অফ ইন্ডিয়া (দেউলিয়া কার্যকরী প্রস্তাব অনুসারে বাণিজ্যিক দায়িত্বশীল ব্যক্তি) প্রস্তাব ২০১৬ অনুসারে ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে। ওয়েবসাইটটি হল : www.ibbi.gov.in.

আর্থিক পাওনাদারগণ তাদের দাবির স্বপক্ষে ইলেকট্রনিক মেথডে জমা দিতে পারেন অথবা সমস্ত পাওনাদারগণ তাদের দাবি প্রমাণপত্র সহ কোনও ব্যক্তিকে দিয়ে অথবা ডাকযোগে জমা করাতে পারেন। আর্থিক পাওনাদারদের শ্রেণিবিভাগ অনুসারে যা ইতিমধ্যেই ১২ নং তালিকায় উল্লেখিত হয়েছে তা অনুমোদিত ব্যক্তিদের ক্ষেত্রে চিহ্নিত করে ১৩ নং কলামে অনুমোদিত ব্যক্তিদের জন্য দেখানো হয়েছে যা আইআরপি তথ্য পাওয়ার জন্য কার্যকরী নয়

মিথ্যা অথবা বিভ্রান্তিকর দাবি যদি জানানো হয় তা প্রমাণিত হলে জরিমানা করা হবে।

স্বাঃ/-
অনুপ কুমার সিং
ইনটেরিম রিসলিউশন প্রফেশনাল

তারিখ এবং স্থান : ০৪.১০.২০১৮, কলকাতা